# শিশু শ্রম নিরুৎসাহিত ও কিশোর শ্রমিক নিয়োগ নীতিমালা
# (Child worker Remediation & Young Worker Recruit Policy)

## উদ্দেশ্য ঃ

আইরিশ গ্রুপ সব সময় শিশু শ্রমিক নিয়োগদানকে নিরুৎসাহিত করে। শিশু বলতে যে সকল শ্রমিকের বয়স ১৪ বৎসর পূর্ণ হয় নাই তাদের বুঝায়। শ্রমিক নিয়োগের ক্ষেত্রে সর্বনিম্ন বয়স অনুসরন করা হয়ে থাকে প্রাপ্ত বয়স্কদের ক্ষেত্রে নূন্যতম বয়স সীমা ১৮ বৎসর এবং যে সকল শ্রমিকদের বয়স ১৮ বৎসর পূর্ণ হয় নাই কিন্তু ১৪ বৎসর পূর্ণ হয়েছে তাদের আইন কর্তৃক নির্দেশিত সুরক্ষা, বিশেষ সুরক্ষা নিশ্চিত সাপেক্ষে নিয়োগ করা যেতে পারে।

## আইরিশ গ্রুপের শিশু শ্রম নিরুৎসাহিত ও কিশোর শ্রমিক নিয়োগ নীতিমালা নিম্নরূপ ঃ

আইরিশ গ্রুপ কর্তৃপক্ষ শ্রমিক নিয়োগের ক্ষেত্রে সর্বনিম্ন বয়স অনুসরন করে থাকে। অর্থাৎ ১৪ বৎসরের কম বয়সের কোন শ্রমিক নিয়োগ করা হয় না। যদি কোন নিয়োগ প্রাপ্ত শ্রমিকের বয়স সন্দেহ জনক মনে হয় তবে রেজিষ্টার্ড ডাক্তারের পরীক্ষার রিপোর্ট এর ভিত্তিতে তা সঠিকভাবে নিরূপন করা হয়। শ্রমিকের বয়স ১৪ বছর থেকে ১৮ বছরের মধ্যে হলে সে কিশোর শ্রমিক হিসাবে গন্য হবে এবং উক্ত শ্রমিকের ক্ষেত্রে নিম্নোক্ত নীতিমালা গ্রহণ করা হবে।

১) কিশোর শ্রমিক দিয়ে কারখানায় প্রতিদিন ৭ ঘন্টার বেশী বা সপ্তাহে ৪২ ঘন্টার অধিক কাজ করানো যাবে না।
২) কিশোর শ্রমিকদের কখনও সন্ধ্যা ৭ টা থেকে ভোর ৭ টা পর্যন্ত সময়ের মধ্যে কাজ করানো হবে না।
৩) স্থানীয় ইন্সপেক্টর কর্তৃক তার শারিরীক যোগ্যতা বা সক্ষমতার প্রত্যয়ন পত্র গ্রহণ করা হবে।
৪) কাজে নিয়োজিত থাকার সময় উক্ত শ্রমিকদের সঙ্গে উপরোক্ত প্রত্যয়ন পত্রের স্মারক টোকেন এর ব্যবস্থা করা হবে।
৫) শ্রমিকের পিতা মাতার লিখিত সম্মতিপত্র গ্রহণ করা হবে ।
৬) কিশোর শ্রমিক নিয়োগ হলে তাদের ক্ষেত্রে পৃথক রেজিষ্টার সংরক্ষন করা হবে।
৭) কিশোর শ্রমিককে কোন ঝুঁকিপূর্ন বা চলমান মেশিনে কাজ করতে দেয়া হবে না।
৮) প্রতি ১৫ কর্মদিবসে ১দিন অর্জিত ছুটি হিসাবে গন্য করা হবে।
৯) কিশোর শ্রমিকের বেলায় দেশের প্রচলিত বাংলাদেশ শ্রম আইন ২০০৬ এর বিধানসমূহ সঠিকভাবে অনুসরন করা হবে।

**শিশু শ্রমিক নিয়োগের ক্ষেত্রে আইরিশ গ্রুপ এর বিশেষ নির্দেশনা** ঃ- যদি অত্র কোম্পানীতে ভূলক্রমে শিশু শ্রমিক নিয়োগ প্রাপ্ত হয়ে যায় সেক্ষেত্রে ঐ শিশু শ্রমিককে তাৎক্ষণিকভাবে বাংলাদেশের প্রচলিত শ্রম আইন মোতাবেক সকল প্রকার সুবিধাদি নিশ্চিত করতে হবে। তাছাড়া নিয়োগপ্রাপ্ত শিশু শ্রমিকে তার শ্রমের ব্যাপারে নিরুৎসাহিত করতে হবে এবং ঐ শিশু শ্রমিকের পরিবারের সদস্যদেরকে শিশু শ্রমের কুফল সম্পর্কে অবগত করতে হবে। প্রয়োজনে শিশু শ্রমিকের পরিবার থেকে কোন প্রাপ্ত বয়স্ক কর্মক্ষম ব্যক্তিকে চাকুরীর সংস্থান করবে এবং শিশু শ্রমিকটি কিশোরে পরিণত না হওয়া পর্যন্ত তার শিক্ষার ব্যয়ভার কোম্পানী কর্তৃক বহন করা হবে। এতদসংক্রান্ত যাবতীয় পদক্ষেপ যথাযথ নথিভূক্ত করতে হবে।

উক্ত নীতিমালা আইরিশ গ্রুপ এর সকল কারখানার জন্য প্রযোজ্য হবে।

IRIS GROUP

# শিশু শ্রম নিরুৎসাহিত ও কিশোর শ্রমিক নিয়োগ নীতিমালা বাস্তবায়ন পদ্ধতি
## Child worker Remediation & Young worker Policy implementation procedure

## সংগঠন ( Organization Form )

শিশু শ্রমিক নিয়োগ নীতিমালা বাস্তবায়নের মাধ্যমে লক্ষ্যমাত্রা অর্জনের জন্য নিম্নোক্ত ব্যক্তিবর্গের সমন্বয়ে একটি “সংগঠন” তৈরী করা হয়েছে।

পরিচালনায় ঃ জিএম (প্রশাসন, মানব সম্পদ ও কমপ্লায়েন্স)
ব্যবস্থাপনায় ঃ বিভাগীয় প্রধান
তত্ত্বাবধানে ঃ ব্যবস্থাপক(এইচ আর, কমপ্লায়েন্স), ওয়েলফেয়ার অফিসার, এইচ আর অফিসার (রিক্রুটমেন্ট)।
সহযোগিতায় ঃ মেডিকেল অফিসার, সেকশন ইনচার্জ, সুপারভাইজার।

কারখানার শিশু শ্রম নিরুৎসাহিত করন ও কিশোর শ্রমিক নিয়োগ নীতিমালা বাস্তবায়নে গঠিত সংগঠনে দায়িত্বপ্রাপ্ত ব্যক্তিবর্গকে তাদের শিক্ষা, প্রশিক্ষন, অভিজ্ঞতা অনুযায়ী নিম্নোক্তভাবে দায়িত্ব প্রদান করা হয়েছে এবং প্রত্যেককে তাদের দায়িত্ব বিষয়ে অবগত করা হয়েছে।

| সংগঠন | পদবী | পলিসি বাস্তবায়নে দায়িত্ব ও কার্যাবলী |
|---|---|---|
| পরিচালনায় | জিএম (প্রশাসন ও মানব সম্পদ) | নিয়োগ নীতিমালা প্রণয়ন ও বাস্তবায়নে কার্যকরী পদক্ষেপ গ্রহণ ও নিয়োগ প্রক্রিয়ার সকল বিষয়াদি নির্ধারন। |
| তত্ত্বাবধানে | ব্যবস্থাপক(এইচ আর, কমপ্লায়েন্স), ওয়েলফেয়ার অফিসার, এইচ আর অফিসার (রিক্রুটমেন্ট)। | শিশু শ্রমিক নিয়োগ নিরুৎসাহিত করন ও কিশোর শ্রমিক নিয়োগ নীতিমালা অনুসরন। কিশোর শ্রমিক নিয়োগ হলে বাংলাদেশ শ্রম আইন মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ। |
| সহযোগিতায় | মেডিকেল অফিসার | শিশু ও কিশোর শ্রমিক নিয়োগপ্রার্থীর শারীরিক সক্ষমতা ও বয়স যাচাই। |
| | সেকশন ইনচার্জ, লাইনচীফ, সুপারভাইজার | শিশু শ্রমিক নিয়োগ নীতিমালা বাস্তবায়নে প্রতিজ্ঞাবদ্ধ ও কিশোর শ্রমিক নিয়োগের ক্ষেত্রে কারখানার নীতিমালা মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ ও বাস্তবায়ন। |
| | বিজ্ঞাপন ও প্রচার | কারখানায় শিশু শ্রমিক নিরুৎসাহিত করন ও কিশোর শ্রমিক নিয়োগ ও বাংলাদেশ শ্রম আইন মোতাবেক প্রয়োজনীয় সুবিধাবলী সম্পর্কে মাইক বা কারখানার পি.এ সিস্টেমের মাধ্যমে শ্রমিক নিয়োগের ব্যাপারে ঘোষনা প্রদান। |

## প্রচার ও বাস্তবায়ন (Policy Communication & Implementation) ঃ

পলিসির প্রচার ও বাস্তবায়ন এবং নিয়োগ পদ্ধতি সমূহের উপর সহ ব্যবস্থাপক (এইচ আর) মধ্যম শ্রেণীর কর্মকর্তা এবং শ্রমিকদের নিম্নোক্ত ভাবে প্রশিক্ষন প্রদান করেন।

১। মধ্যম শ্রেণীর কর্মকর্তাদের প্রশিক্ষন ঃ প্রতিমাসে একবার
২। নতুন কর্মী প্রশিক্ষণ ঃ নিয়োগের দিন।
৩। নিয়মিত কর্মী প্রশিক্ষণ ঃ প্রতিমাসে দুইবার
৪। পিএ সিসটেম এ ঘোষনা ঃ সপ্তাহে একবার
৫। পলিসি বোর্ড
৬। নোটিশ

## ফলাবর্তন এবং নিয়ন্ত্রন পদ্ধতি (Feedback & Controlling System )

- প্রতিমাসে অডিটরগণ ইন্টার্নাল অডিট পদ্ধতির মাধ্যমে সকল রেকর্ড পত্রাদি চেক করবেন।
- উক্ত নীতিমালার বিষয়বস্তু সম্পর্কে সকল নিয়োগ কর্মকর্তা ও সংশ্লিস্ট বিভাগীয় প্রধানগণদের প্রশিক্ষন প্রদান।
- নীতিমালার সকল পদ্ধতি, প্রশিক্ষন, সচেতনতা, কার্যকারিতা, যোগাযোগ এবং বাস্তবায়ন কতটুকু ফলপ্রসু হয়েছে তার কোন বিরূপ প্রভাব বিরাজ করছে কি না এবং সকল কার্যক্রমের যাবতীয় রেকর্ডপত্রাদি সঠিকভাবে সংরক্ষিত আছে কি না তা যাচাই ও পর্যবেক্ষনেই হল ফলাবর্তন এবং নিয়ন্ত্রন (Feedback & Control System) পদ্ধতি।

ইর্ন্টানাল অডিট পদ্ধতিতে প্রচলিত নীতিমালা ও সকল কার্যক্রমের Feedback system evaluation করতে হবে।

IRIS GROUP